



বিজ্ঞপ্তি নং * নওগাঁ /নসক/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

তারিখঃ- ১৪/০৩/২০১৬ ইং

২০১৩-১৪ শিক্ষাবর্ষ স্নাতকোভর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৩/০৪/২০১৬ ইং তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট www.nubd.info/mp লিংকে গিয়ে ফরম পূরণ পূর্বক নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্ধারিত রেজিস্ট্রেশন ফি কলেজ ক্যাশ শাখায় জমাদান পূর্বক জমাদানের রশিদের ফটোকপি ও প্রিন্টকপি পরীক্ষা শাখায় জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

সময়সূচি : সকাল ১০:০০ টা থেকে বেলা ২:০০ টা পর্যন্ত (শুক্রবার ও সরকারি ছুটির দিনগুলোতে টাকা আদায় করা হবে না)।

১। আবেদনের যোগ্যতা :

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৩ বছর মেয়াদী স্নাতক (পাস) ও ০৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে উত্তীর্ণ শিক্ষার্থী ২০১৩-১৪ শিক্ষাবর্ষে স্নাতকোভর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
 খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থী উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
 গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্মিলিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদনের যোগ্য।
 ঘ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উভয় আচরণের প্রত্যয়ন পত্র দাখিল সাপেক্ষে কারবন্ডীগণণও আবেদনের যোগ্য।
 ঙ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদনের যোগ্য।

২। বিষয় নির্বাচন :

- ক) মাস্টার্স ১ম পর্ব কোর্সে (প্রাইভেট) রেজিস্ট্রেশনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বিষয়সমূহ :
 (১) বাংলা (২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৩) অর্থনীতি (৪) রাষ্ট্রবিজ্ঞান
 খ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্মিলিত বিষয়ে)
 পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করা যাবে;
 গ) স্নাতক (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ে
 সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস বিষয়টি গণ্য করা যাবে;
 ঘ) নূন্যতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যক্তিত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি স্নাতকোভর ১ম পর্ব (প্রাইভেট)
 কোর্সে আবেদন করা যাবে না।

৩। রেজিস্ট্রেশনের শর্তাবলী :

- ক) স্নাতকোভর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/ কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত
 বিষয়/ কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না;
 খ) স্নাতকোভর ১ম পর্ব (নিয়মিত) কোর্সের জন্য চলতি শিক্ষাবর্ষের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।
 গ) শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিভিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে;
 ঘ) কোন শিক্ষার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাদিক বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দৈত ভর্তিজনিত কারণে উক্ত
 শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।
 ঙ) স্নাতকোভর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিনি) শিক্ষাবর্ষ।

৪। আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- ক) এস এসসি/সম্মান, এইচ এস সি/সম্মান পরীক্ষা পাশের মূল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ২টি করে।
 খ) স্নাতক (পাস) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ২টি করে।
 গ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ অথবা গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ ২টি করে।
 ঘ) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি ২টি।
 ঙ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের উক্ত পরীক্ষার নম্বর পত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ২টি করে (সত্যায়িত)।
 চ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে শিক্ষা ছুটি দেওয়া হবে মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।

৫। প্রয়োজনীয় ফি এর বিবরণ :

(ক) আবেদন ফি-----	৩০০/=
(খ) রেজিঃ ফি -----	৮০০/=
(গ) ব্যবস্থাপনা ফি -----	১০০/=
<hr/> সর্বমোট = ১২০০/=	

অধ্যক্ষ
 নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।